বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)ধাতব মুদ্রা/২০১৯-২০২০/১৪৩ তারিখঃ ২৩-০৭-২০১৯

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে ধাতব মুদ্রা সংরক্ষণ না করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে জারীকৃত ১৪-০৭-২০১৯ তারিখের সূত্র নং-ইহিশাঃ১১৪/২০১৯-২৭২৩ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের ১২-১১-২০১৫ তারিখের ডিসিএম সার্কুলার লেটার নং-১২/২০১৫ এর নির্দেশনা মোতাবেক জনসাধারণের স্বাভাবিক লেনদেনের স্বার্থে প্রতিটি শাখায় ১, ২ এবং ৫ টাকা মূল্যমান ধাতব মুদ্রার প্রতিটির ন্যুনতম ১০,০০০ পিস করে সংরক্ষণ করতে হবে; তবে স্থানীয় কার্যালয় ও বড় শাখাকে বর্ণিত সংখ্যার তিনগুন অর্থাৎ প্রতিটি মুল্যমানের ৩০,০০০ পিস করে ধাতব মুদ্রা সংরক্ষণ করতে হবে; মর্মে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা রয়েছে।

০৩। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা মোতাবেক অত্র বিভাগ হতে বিভিন্ন সময়ে ধাতব মুদ্রা সংরক্ষণ বিষয়ে বিভিন্ন পত্র জারী করা হয়েছে পত্র নং-১২৫১(১২৫০) তারিখ ১১-০৪-২০১৭, ৯৮৪ তারিখ ১২-১২-২০১৮ এবং সর্বশেষ ১৬৭৯ তারিখ ০৯-০৫-২০১৯ মুলে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা দেয়া সত্ত্বেও অধিকাংশ শাখাগুলোতে কোন প্রকার ধাতব মুদ্রা সংরক্ষণ করা হয় না এবং বেশিরভাগ শাখাগুলোতে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার তুলনায় খুবই অল্প সংখ্যক ধাতব মুদ্রা সংরক্ষণ করেন।

০৩। আলোচ্য বিষয়ে উপরোক্ত নির্দেশনা দেয়া সত্ত্বেও বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট হতে পত্র নং-ইহিশাঃ১১৪/২০১৯-২৭২৩ তারিখ ১৪-০৭-২০১৯ মুলে জানানো হয়েছে যে, (৩১/০৩/২০১৯ পর্যন্ত) বাংলাদেশ কৃষি ব্যাংকের ১৮৪ টি শাখায় ধাতব মুদ্রার স্থিতি শুণ্য, যা বাংলাদেশ ব্যাংকের পরিপত্র নং-১২/২০১৫; তারিখ ১২-১১-২০১৫ এর ০২ নং অনুচ্ছেদের বর্ণিত নির্দেশনার সুস্পষ্ট লঙ্ঘনকরতঃ কোনরূপ ধাতব মুদ্রা না থাকার কারণে ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ১০৯ ধারা মোতাবেক ব্যর্থতার কারণে কেন আর্থিক জরিমানা করা হবে না এবং ৮৪৫ টি শাখায় বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে ন্যূনতম ধাতব মুদ্রা সংরক্ষণ না করার ব্যর্থতার স্বপক্ষে আগামী আগামী ৩১-০৭-২০১৯ তারিখের মধ্যে বাংলাদেশ ব্যাংকে জবাব প্রেরণের নির্দেশনা দেয়া হয়েছে।

০৪। এমতাবস্থায়, সকল বিভাগীয় কার্যালয় তাঁর অধিক্ষেত্রাধীন সকল শাখাসমুহকে বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা মোতাবেক ধাতব মুদ্রা সংরক্ষণ করা এবং একই সাথে কোনরূপ ধাতব মুদ্রা না রাখার কারণে কেন আর্থিক জরিমানা করা হবে না তার কারণ ফিরতি ই-মেইলে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৫। উল্লেখ্য উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নকল্পে আগামী আগষ্ট ২০১৯ মাস হতে ধাতব মুদ্রার স্থিতি কোন অবস্থাতেই 'শুণ্য বিবরণী' প্রেরণ করা যাবে না। সে দিকে দৃষ্টি রাখার জন্য সংশ্লিষ্ট সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণকে পরামর্শ দেয়া হলো। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয়গণকে বিষয়টি নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত,

সংযুক্তি ০১(এক) পাতা।

২৩/০৭/২০১৯
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
তারিখঃ ২৩-০৭-২০১৯

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)ধাতব মুদ্রা/২০১৯-২০২০/১৪৩
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৪। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেম বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৭। নথি/মহানথি।

২৩.০৭.১৯
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Circular

৫০১১৯

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

# বাংলাদেশ ব্যাংক

**(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)**

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

সূত্র নং: ইহিশা: ১১৪/২০১৯- ২৭২৩

১৪ জুলাই, ২০১৯

ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
নং ২২৫ তারিখ ঃ ১৭.০৭.১৯

ব্যবস্থাপনা পরিচালক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
নং- ৫৮ তাং ২১/৭/১৯
ডিজিএম. DCBD
স্টাফ অফিসার
মহাব্যবস্থাপক

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।

প্রিয় মহোদয়,

**ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫ অনুসারে ধাতব মুদ্রা সংরক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

(ক) আপনাদের ব্যাংকের ১৮৪ টি শাখায় (সংযোজনী-১) ধাতব মুদ্রার স্থিতি শূন্য (৩১/০৩/২০১৯ পর্যন্ত)। যা বাংলাদেশ ব্যাংকের পরিপত্র নং-১২/২০১৫; তারিখ ১২/১১/২০১৫ এর ২ নং অনুচ্ছেদের বর্ণিত নির্দেশনার সুস্পষ্ট লঙ্ঘনকরতঃ কোনরূপ ধাতব মুদ্রা না থাকার কারণে ব্যাংক কোম্পানী আইন-১৯৯১ (২০১৮ পর্যন্ত সংশোধিত) এর ১০৯ ধারা মোতাবেক কেন আর্থিক জরিমানা করা হবে না এর স্বপক্ষে ১৪ দিনের মধ্যে অত্র বিভাগে ব্যাখ্যা প্রদান করার জন্য নির্দেশনা দেয়া হ'ল।

(খ) এছাড়াও আরো ৮৪৫ টি শাখায় (সংযোজনী-২) বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা অনুসারে ন্যূনতম ধাতব মুদ্রার মোট স্থিতি সংরক্ষণে ব্যর্থ হয়েছে যা মোটেই কাম্য নয় (৩১/০৩/২০১৯ পর্যন্ত)।

এমতাবস্থায়, আপনাদের ব্যাংকের মোট ১০২৯ টি শাখায় ডিসিএম পরিপত্র নং-১২/২০১৫; তারিখ ১২/১১/২০১৫ এর ২ নং অনুচ্ছেদের বর্ণিত নির্দেশনা অনুসারে ন্যূনতম মাত্রায় ধাতব মুদ্রা অনতিবিলম্বে সংরক্ষণ করে আগামী ৩১ জুলাই, ২০১৯ তারিখের মধ্যে উপযুক্ত দালিলিক প্রমাণসহ অত্র বিভাগকে অবহিত করার পরামর্শ দেয়া হ'ল।

আপনাদের বিশ্বস্ত

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
নং ৮৩ তারিখ ঃ ২২/৭/১৯

(হাসান তারেক খাঁন)
যুগ্ম পরিচালক
ফোন ঃ +৮৮-০২-৫৫৬৬৫০০১-২৫/২৪৮৭২
মোবাইলঃ ০১৯১১-৩৬৬৯১৪
ই-মেইলঃ hasan.khan@bb.org.bd